দৈনিক সংবাদ

তারিখ ... ২।৯।৯১ ...
পৃষ্ঠা... ১ ... কলাম... ১ ...

07

# শিক্ষার উন্নয়নের জন্য পরীক্ষামূলক প্রকল্প গ্রহণ

(নিজস্ব বার্তা পরিবেশক)

এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় শিক্ষা মন্ত্রণালয় শিগগিরই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদফতরের অধীনে 'হায়ার সেকেণ্ডারী এডুকেশন সেক্টর প্রজেক্ট' নামে একটি প্রকল্প বাস্তবায়নের কাজ পরীক্ষামূলকভাবে শুরু করবে।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি দায়িত্বশীল সূত্র জানান, পরীক্ষামূলকভাবে এই প্রকল্পটি বাস্তবায়নের কাজ শুরুর জন্য সরকারী উচ্চ পর্যায়ের অনুমোদন ইতিমধ্যে পাওয়া গেছে। শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা শিগগিরই প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংকের কর্মকর্তাদের সাথে আলাপ-আলোচনা শুরু করবেন।

শিক্ষা : পৃঃ ৮ কঃ ২

## শিক্ষা : পরীক্ষামূলক প্রকল্প গ্রহণ

(১ম পাতার পর)

সূত্রটি জানান, পরীক্ষামূলকভাবে প্রকল্পটির আওতায় শিক্ষার কাঠামোগত পরিবর্তন ও গুণগতমানের উন্নতিসাধনের জন্য দু'ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের উন্নতিসাধন করা হবে। দেশের ৩শ'৬৭টি ইন্টারমিডিয়েট কলেজের মধ্যে ১শ'১৫টি, প্রায় ৮ হাজার উচ্চ বিদ্যালয়ের মধ্যে ২৫টি প্রকল্পের আওতায় এনে কাঠামোগত পরিবর্তনের মডেল হিসেবে চিহ্নিত করা হবে।

প্রকল্পটিতে ১শ' ১৫টি ইন্টারমিডিয়েট কলেজে একাদশ ও দ্বাদশ শ্রেণীর সাথে নবম ও দশম শ্রেণী এবং ২৫টি উচ্চ বিদ্যালয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণী খোলার কথা বলা হয়েছে। এই মডেল শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে 'মাধ্যমিক কলেজ' হিসেবে নামকরণ করা হতে পারে।

সূত্রটি জানান, পাঠক্রম, পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণের উন্নয়ন, শিক্ষক প্রশিক্ষণ ও কাঠামোগত সংস্কারের মাধ্যমে অবকাঠামো এবং ব্যবস্থাপনার উন্নয়ন এই ৪টি, বিষয় প্রকল্পের প্রধান অঙ্গ।